# ফ্যাসিবাদী কাঠামো এখনো টিকে আছে: জোনায়েদ সাকি



সংগৃহীত ছবি

জোনায়েদ সাকি বলেছেন, সরকার পরিবর্তন হলেও ফ্যাসিবাদী কাঠামো রয়ে গেছে। গণতন্ত্র মঞ্চের ভিত্তিতে নির্বাচনী সমঝোতা, সংবিধান সংস্কার ও গণভোটের বিষয়ে তিনি দলের অবস্থান তুলে ধরেন।

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি বলেছেন, "সরকার পতন হয়েছে, কিন্তু ফ্যাসিবাদী কাঠামো এখনো টিকে আছে।"

শুক্রবার পটুয়াখালীর বাউফলে দলের প্রার্থী ও বীর মুক্তিযোদ্ধা এস. এম. আমজাদ হোসেনের জানাজা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

নির্বাচন প্রসঙ্গে সাকি বলেন, গণতন্ত্র মঞ্চের ছয় দলের যৌথ লড়াইয়ের ধারাবাহিকতায় সেখানেই জোট সমন্বয় হবে। বিএনপিসহ যুগপৎ আন্দোলনে যুক্ত দলগুলোর সঙ্গে আসন সমঝোতা নিয়ে আলোচনা চলছে এবং শিগগির সিদ্ধান্তে পৌঁছানো যাবে বলে তিনি আশাবাদী। তিনি জানান, আন্দোলনের সময় ঘোষিত ৩১ দফা এখনও তাদের রাজনৈতিক লক্ষ্য।

তিনি বলেন, সংবিধান সংস্কারের দাবি প্রথম তুলেছিলো গণসংহতি আন্দোলন। আগামী জাতীয় সংসদ গঠিত হলে প্রথম ছয় মাসই তা সংবিধান সংস্কার পরিষদ হিসেবে কাজ করবে।

গণভোট প্রসঙ্গে তিনি বলেন, জুলাই সনদের সংস্কারগুলো জনগণের অনুমোদনের জন্য গণভোট জরুরি। একই সঙ্গে নির্বাচন ও গণভোট আয়োজনকে তিনি ইতিবাচক মনে করেন। গণভোটের মাধ্যমে সংসদ সংবিধান সংস্কারের পূর্ণ ক্ষমতা পাবে—এ ব্যাপারেও তিনি স্পষ্ট অবস্থান জানান।

সাকি আরও বলেন, নতুন গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণই হবে ক্ষমতার উৎস এবং নির্বাচিত প্রতিনিধিদের জবাবদিহির আওতায় আসতেই হবে।

আরপিও সংশোধনী নিয়ে তিনি বলেন, একতরফাভাবে পরিবর্তন করা উচিত নয়। অংশীজনদের আলোচনার ভিত্তিতেই নির্বাচন কমিশনের সিদ্ধান্ত নেওয়া উচিত বলে তারা স্পষ্ট মত দিয়েছেন।